**ধারা ৩৯(৩) →সম্বয়যোগ্য অগ্রিম এবং ধারা ৩৯(৪) →অসম্বয়যোগ্য অগ্রিম এর তুলনামূলক আলোচনা**

| বিষয় | ধারা ৩৯(৩) : সম্বয়যোগ্য অগ্রিম (Adjustable Advance Rent) | ধারা ৩৯(৪) : অসম্বয়যোগ্য অগ্রিম (Non-adjustable Advance Rent) |
| --- | --- | --- |
| **সংজ্ঞা** | ভবিষ্যৎ ভাড়া হতে সমন্বয়যোগ্য অগ্রিম | ভবিষ্যৎ ভাড়া হতে সমন্বয় **হবে না** এমন অগ্রিম |
| **লেনদেন পদ্ধতি** | - ব্যাংক ট্রান্সফার ছাড়া (নগদ, চেক, মোবাইল ব্যাংকিং) → ৫ লক্ষ টাকার বেশি হলে পুরোটা প্রাপ্তির বছরেই করযোগ্য<br>- ব্যাংক ট্রান্সফার হলে → ৫ বছরের মধ্যে বা চুক্তির মেয়াদে সমন্বয় করতে হবে | যেকোনো পদ্ধতিতে (ব্যাংক/নগদ) প্রাপ্ত অগ্রিম |
| **করযোগ্যতা (প্রাপ্তির বছরেই)** | - ব্যাংক ট্রান্সফার ছাড়া (৫ লক্ষ টাকার বেশি) → প্রাপ্তির বছরেই বিশেষ ভাড়া হতে আয়<br>- ব্যাংক ট্রান্সফারে নিলে → সমন্বয়ের সুযোগ, অসম্বয় থাকলে নির্দিষ্ট বছরে আয় হিসেবে ধরা হবে | প্রাপ্তির বছরেই পুরো অগ্রিম বিশেষ ভাড়া হতে আয় ধরা হবে |
| **বিকল্প সুবিধা** | কিস্তিতে ভাগ করার সুযোগ নেই; কেবল সমন্বয়ের মাধ্যমে ছাড় পাওয়া যায় | করদাতা চাইলে প্রাপ্ত অগ্রিমকে ৫ বছরে (প্রাপ্তির বছর + পরবর্তী ৪ বছর) সমান ভাগে আয় হিসেবে দেখাতে পারবেন |
| **ফেরতের নিয়ম** | সম্বয়যোগ্য অগ্রিম ফেরতের সুযোগ সাধারণত থাকে না (কারণ ভাড়ার বিপরীতে সমন্বয় হয়ে যায়) | যদি অগ্রিমের কোনো অংশ ফেরত দেওয়া হয় → ফেরতের বছরে করযোগ্য আয় থেকে বাদ দেওয়া যাবে |
| **কার্যকর সময়** | ২০২৬-২৭ করবর্ষ থেকে | ২০২৬-২৭ করবর্ষ থেকে |
| **উদাহরণ** | (i) ২০২৬-২৭ সালে নগদে ৮,০০,০০০ টাকা অগ্রিম নেওয়া হলো → পুরো ৮,০০,০০০ টাকা ওই বছরেই করযোগ্য।<br>(ii) ব্যাংক ট্রান্সফারে ১২,০০,০০০ টাকা নিয়ে ৪ বছরে সমন্বয় হয়ে গেলে → বাড়তি করযোগ্য হবে না।<br>(iii) ১০,০০,০০০ টাকা নিয়ে ৩ বছরে | (i) ২০২৬-২৭ সালে মালিক ১০,০০,০০০ টাকা অসম্বয়যোগ্য অগ্রিম নিলেন → পুরোটা ওই বছরেই করযোগ্য।<br>(ii) করদাতা চাইলে প্রতি বছর ২,০০,০০০ টাকা করে ৫ বছরে ভাগ করে দেখাতে পারবেন। |

| বিষয় | ধারা ৩৯(৩): সমন্বয়যোগ্য অগ্রিম (Adjustable Advance Rent) | ধারা ৩৯(৪): অসমন্বয়যোগ্য অগ্রিম (Non-adjustable Advance Rent) |
|---|---|---|
| | ৭,২০,০০০ টাকা সমন্বয় হলো, বাকি ২,৮০,০০০ টাকা ২০২৮–২৯ সালে করযোগ্য। | (iii) যদি ২০২৮–২৯ সালে ৩,০০,০০০ টাকা ফেরত দেন → সেই বছর করযোগ্য আয় থেকে বাদ যাবে। |

**সংক্ষেপে:**

**সমন্বয়যোগ্য অগ্রিম (৩৯(৩))** → কেবল ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সমন্বয়ের সুযোগ আছে।

**অসমন্বয়যোগ্য অগ্রিম (৩৯(৪))** → সরাসরি করযোগ্য, তবে ৫ বছরে ভাগ করার সুবিধা এবং ফেরতের ক্ষেত্রে কর ছাড় পাওয়া যায়।